

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন(বিসিক)  
১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।


সূত্র নং-৩৬.০২.০২৭.০০.০০.০১৭.২০১৬/ ৩৬২(২৪)

তারিখঃ ০৪-০৪-২০১৬খ্রিঃ

বিষয় : শুদ্ধাচার নৈতিকতাকে লালন করে দাপ্তরিক কাজ সম্পাদন করেন এমন কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার প্রদান করার জন্য নাম প্রেরণ প্রসঙ্গে।

বিসিক-এ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতাকে লালন করে দাপ্তরিক কাজ সম্পাদন করেন এমন কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। যে সকল কর্মকর্তা-কর্মচারী নিয়মিত দপ্তরে উপস্থিত থেকে বিচক্ষণভাবে সততা, ন্যায়-নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করেন, সরকারি সম্পদের যথাযথ ব্যবহার ও হেফাজত করেন, কর্মদক্ষতা প্রশংসনীয়, এমন কর্মকর্তা/কর্মচারীগণ শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

মাঠ পর্যায়ের প্রতিটি প্রশাসনিক বিভাগ হতে ১/২জন কর্মকর্তা/কর্মচারী এবং প্রধান কার্যালয়ের সচিব/নিয়ন্ত্রক/প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক/অধ্যক্ষ, স্কিট/প্রধান নকশাবিদের দপ্তর হতে ১জন কর্মকর্তা-কর্মচারীর নাম সদস্য-সচিব, নৈতিকতা কমিটি ও উপ-সচিব(বোর্ড), বিসিক, ঢাকা-এর নিকট আগামী ২৮ এপ্রিল ২০১৬-এর মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ হাবিবুর রহমান)  
পরিচালক(অর্থ), বিসিক  
ও  
সভাপতি,  
নৈতিকতা কমিটি, বিসিক।

বিতরণ :

- ০১। পরিচালক, উঃ ও সঃ / অর্থ / বিপণন / প্রকল্প / পরিঃ ও উঃ / প্রযুক্তি, বিসিক, ঢাকা।
- ০২। সচিব, বিসিক, ঢাকা।
- ০৩। মহাব্যবস্থাপক, বিপণন / পরিকল্পনা / এমআইএস / উন্নয়ন / সম্প্রসারণ / প্রকল্প / প্রযুক্তি, বিসিক, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, স্কিট, বিসিক, উত্তরা, ঢাকা।
- ০৫। প্রধান প্রকৌশলী, বিসিক, ঢাকা।
- ০৬। আঞ্চলিক পরিচালক, বিসিক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ০৭। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিসিক, ঢাকা।
- ০৮। প্রধান নকশাবিদ, বিসিক, ঢাকা।
- ০৯। উপ-ব্যবস্থাপক, আইসিটি সেল, বিসিক, ঢাকা (Online এ Upload এর অনুরোধসহ)।

অনুলিপিঃ

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।